



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী



e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com, Fax: 02588853145

তারিখ: ১৭/০৪/২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

রাজশাহী কলেজে ঐতিহাসিক মুজিবনগর দিবস উদ্বাপন

আজ ১৭ এপ্রিল, ঐতিহাসিক মুজিবনগর দিবস। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম এবং মুক্তিযুদ্ধের ইতিহাসে এক অনন্য দিন। একাত্তরের এই দিনে স্বাধীন বাংলাদেশ সরকারের শপথ গ্রহণের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধ ও সরকার পরিচালনা প্রাতিষ্ঠানিক রূপ পায়। দিবসটি উপলক্ষ্যে রাজশাহী কলেজ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা ও বিশেষ মোনাজাত। সকাল ০৯:৩০ মি. অধ্যক্ষ প্রফেসর মোহাঃ আব্দুল খালেক ও উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইব্রাহিম আলীর নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হয়। এসময় উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদক প্রফেসর আব্দুল্লাহ আল মাহমুদ, মুজিবনগর দিবস উদ্বাপন কমিটির আহ্বায়ক প্রফেসর মোঃ শাহ তৈয়বুর রহমান চৌধুরীসহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীসহ কলেজের কর্মচারীবৃন্দ। বক্তব্য প্রদান করেন দিবস উদ্বাপন কমিটির আহ্বায়ক ও ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ শাহ তৈয়বুর রহমান চৌধুরী, উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইব্রাহিম আলী ও অধ্যক্ষ প্রফেসর মোহাঃ আব্দুল খালেক। অধ্যক্ষ মহোদয় বলেন- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেখানো পথে মুজিবনগর সরকার মুক্তিযুদ্ধকে সঠিক দিকনির্দেশনায় পরিচালিত করেন। ফলে অল্প সময়ের মধ্যে আমরা পাকিস্তানি হানাদার বাহিনীকে পরাজিত করে বিজয় অর্জন করি। মুজিবনগর সরকারের আদর্শকে ধারণ করে সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গঠনে তিনি সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান। এরপর মহান মুক্তিযুদ্ধের বীর শহিদ, ১৫ আগস্ট কালরাত্রে শহিদ বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের এবং ৩রা নভেম্বর শহিদ জাতীয় চার নেতার আত্মার মাগফেরাত এবং দেশ ও জাতির উন্নতি-সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাতের মধ্য দিয়ে দিনের কর্মসূচি সমাপ্ত হয়।

১৭/০৪/২০২৪

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।



ঐতিহাসিক মুজিববার নিবন উপলক্ষে রাশি, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা ও বিশেষ মোনোড্রাম কলে রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল হাফিজ ও উপাধ্যক্ষ প্রফেসর ড. ইব্রাহিম আলী, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।
ছবি: রাজশাহী কলেজ-১৭-০৪-২০২৪



ঐতিহাসিক মুজিববার নিবন উপলক্ষে রাশি, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা ও বিশেষ মোনোড্রাম কলে রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল হাফিজ ও উপাধ্যক্ষ প্রফেসর ড. ইব্রাহিম আলী, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।
ছবি: রাজশাহী কলেজ-১৭-০৪-২০২৪



ঐতিহাসিক মুজিববার নিবন উপলক্ষে রাশি, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা ও বিশেষ মোনোড্রাম কলে রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল হাফিজ ও উপাধ্যক্ষ প্রফেসর ড. ইব্রাহিম আলী, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।
ছবি: রাজশাহী কলেজ-১৭-০৪-২০২৪